উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## ফেব্রুয়ারি/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ১৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ |
| সময় | : | দুপুর: ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে নব নির্বাচিত মাননীয় সংসদ সদস্য জনাব মো: আবুল কালাম আজাদ মহোদয়কে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত হওয়ার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার মাননীয় সংসদ মহোদয়কে আন্তরিক ধন্যবাদ এবং সেই সাথে তার উপস্থিতিতে আজকের সভায় অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হবে মর্মে আশাবাদ ব্যাক্ত করেন। অন্যান্য সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে জানুয়ারি/২৪ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৪,২৯,৫৪,৫৪৯ (চার কোটি উনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ)। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মোট দুই কিস্তির টাকা পাওয়া গেছে। সম্ভাব্য চার কিস্তিতে মোট ৯৪,১৬,০০০ টাকা ধরে সর্বমোট (৪,২৯,৫৪,৫৪৯+৯৪,১৬,০০০) = ৫,২৩,৭০,৫৪৯ (পাঁচ কোটি তেইশ লক্ষ সত্তুর হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করা যাবে। ইতোমধ্যে ১ম ধাপে তিন কোটি ষোল লক্ষ টাকার প্রকল্প গ্রহণ পূর্বক বাস্তবায়ন কাজ চলমান রয়েছে এবং অবশিষ্ট টাকার প্রকল্পের তালিকা (পরিশিষ্ট: তালিকা 'গ') অনুমোদন করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প কমিটি এবং টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে সম্ভাব্য প্রাপ্য টাকা সহ সর্বমোট ৫,২৩,৭০,৫৪৯ (পাঁচ কোটি তেইশ লক্ষ সত্তুর হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকা থেকে ১ম ধাপে বাস্তবায়নকৃত তিন কোটি ষোল লক্ষ টাকার কাজ চলমান রয়েছে এবং অবশিষ্ট টাকার প্রকল্পের তালিকা (পরিশিষ্ট: তালিকা 'গ') প্রকল্প কমিটি এবং টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে কাজের গুণগত মান ঠিক রেখে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| ২। স্বাস্থ্য বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.৯৪%, ৩য় ডোজ (বোস্টার) গ্রহণকারীর হার ৬৬.২১% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৬.৭৭%। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের জানুয়ারি/২৪ মাসে আগত সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ৯,৮৫৪ জন। ৬৩টি কমিউনিটি | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক আগত সকল ধরণের রোগীকে অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |

| | | |
|---|---|---|
| ক্লিনিকে সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ৪১,০০০ জন। গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট-১,৭৮৪ জন এবং প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট-৩৬৪ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৩। কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জামালপুর সদর উপজেলায় ২০২৩-২৪ অর্থ বছরে সরিষা আবাদের লক্ষ্য মাত্রা ৭,৯৫০ হেক্টর অর্জিত হয়েছে। বোরো ধানের আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩৪,৮২৫ হেক্টর। প্রণোদনা কর্মসূচীর অংশ হিসাবে রবি মৌসুমে মোট ১৩,৮০০ জন (হাইব্রীড ৬,০০০ এবং উফশী ৭,৮০০) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক নিয়মে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগ:<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, অত্র দপ্তরের আওতায় মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য ও পশুখাদ্য আইনের আওতায় বাজার মনিটরিং চলমান রয়েছে। ১ নভেম্বর/২৩ থেকে ৩০ জুন/২৪ পর্যন্ত জাটকা আহরণ, পরিবহন, ক্রয় বিক্রয়, মজুদ ও বিনিময় দন্ডনীয় অপরাধ। সে জন্য লিফলেট বিতরণ, আড়ত ও বাজার গুলোর ব্যানার স্থাপন ও বাজার মনিটরিং চলমান। এছাড়া মৎস্য পদক/২০২৪ এর মনোনয়ন চূড়ান্ত হয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, ৩১ জানুয়ারি, ২৪ খ্রিঃ উত্তরাঞ্চলের সুবিধা বঞ্চিত ৮৬টি এলাকা এবং চরাঞ্চল সমন্বিত এলাকার মানুষের জীবন মান উন্নয়ন প্রকল্পের আওতায় পূর্বনির্ধারিত ও প্রশিক্ষণ প্রাপ্ত ৫০ জনকে ৩টি করে মোট ১৫০টি ভেড়া বিতরণ করা হয়েছে। এছাড়া গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,৪৭০টি, হাঁস মুরগী ২৬,৭০০টি, পোষা পাখি পশু-১০টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,১৭০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ১৫ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০২ টি। এছাড়া গবাদি পশুকে টিকা প্রদান করা হয়েছে ১,১০০টি এবং হাঁস মুরগি ৩৩০০টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ১৬ ফেব্রুয়ারি,২০২৪খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১,৩৬,৬১১ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০১ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -৪৮। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -২২ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ৬৩ জন। নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-২৩ জনকে। এবং প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি) করা হয়েছে-৪৩ জনকে ও সিজারিয়ান প্রসব সেবা প্রদান করা হয়েছে -১০ জনকে। সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা- ১,০৯,৫৬৯ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) - ৮০.২১% । এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| **১২। যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ১১,৬০,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ১,৯৬,৬৩২ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ২৪০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে-১৪ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,২০,০০,০০০ (চার কোটি বিশ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ২,৪০,০০,০০০ (দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৪৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,৭৩,০০০ (আটষট্টি লক্ষ তেহাত্তর হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,৬১,৪৫৭ (সাতষট্টি লক্ষ একষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় চলমান রাজস্ব ও প্রকল্পের সকল কার্যক্রম বিশেষ করে ঋণ বিতরণ, প্রশিক্ষণ কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিআরডিবি অধিদপ্তরের আওতায় ঋণ বিতরণ সহ অন্যান্য সকল কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেছে এবং কার্যাদেশ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া পিইডিপি-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ৬০টি ওয়াশ ব্লকের কাজ শেষ হয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-4 এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ২০০টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে এবং ১২০টি বেসিনের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| **১৬। খাদ্য বিভাগঃ**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের আওতায় সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | অত্র বিভাগের আওতায় সকল কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| **১৭। বন বিভাগঃ**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, জামালপুর এসএফএনটিসি, ময়মনসিংহ বন বিভাগ সভায় বলেন যে, চলতি অর্থ বছরে বরাদ্দ অনুযায়ী বিক্রয় ও | অত্র দপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত | উপজেলা বন কর্মকর্তা, সদর। |

| | | |
|---|---|---|
| বিতরণের জন্য নার্সারীতে চারা উত্তোলন ও পরিচর্যার কাজ চলমান আছে। এছাড়া জামালপুর সদর উপজেলার জন্য ৫,০০০টি বিভিন্ন জাতের চারা ২৩/২৪ অর্থ বছরে জুন, জুলাই মাসে রোপনের জন্য প্রস্তুত করা হচ্ছে এবং ১০০ দিনের কর্মসূচীর কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন ইউনিয়নে অবৈধ করাতকল মালিকদের লাইসেন্স করার জন্য নোটিশ প্রদানের কাজ এবং আবেদন জমা নেওয়ার কাজ চলমান রয়েছে। মেয়াদোত্তীর্ণ বিভিন্ন সনের স্ট্রীপ বাগান কর্তনের জন্য মার্কিং এর কাজ চলমান আছে। বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন ২০১২ অনুযায়ী অবৈধভাবে বন্যপ্রাণী ও পাখি শিকার, ক্রয় বিক্রয় বন্ধে অভিযান অব্যাহত আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | করতে হবে। | |
| ১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ের জন্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকার ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মধ্যে ০১টি কাজ শেষ হয়েছে এবং বাকী ০২টি কাজ চলমান রয়েছে। অপরদিকে অতিরিক্ত বরাদ্দ হিসাবে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ১০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হালনাগাদ করার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। তাই অতি দ্রুত সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের জন্য প্রকল্প গুলো সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয় ও উপজেলা পরিষদের ওয়ের পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |
| ১৮। বিএডিসি (সেচ)<br>সহকারী প্রকৌশলী (সওকা), বিএডিসি, জামালপুর জোন, জামালপুর সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় = ৪০২টি আবেদন উপজেলা চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ে দাখিল করা হয়েছিল। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে বিধি মোতাবেক উপজেলা সেচ কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে যথারীতি ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, ৪০২টি আবেদনের বিপরীতে প্রতিটি ৬০০ টাকা হারে মোট ২,৪১,২০০ টাকা, স্টেশনারী ব্যয় বরাদ্দ ৬,৭০১ টাকা, আবেদন ফরম ও লাইসেন্স বই সরবরাহ বাবদ ১১,৩৯৯ টাকা এবং ০২টি সভার আপ্যায়ন ব্যয়, সভাপতি, সদস্য সচিব ও সদস্যদের সম্মানী ভাতা বাবদ ২৮,০০০ টাকা সহ সর্বমোট ২,৮৭,৩০০ (দুই লক্ষ সাতাশি হাজার তিনশত) হাজার টাকার কৃষি কাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থা বিধিমালা,২০১৯ এর ১৩ নং অনুচ্ছেদের উপবিধি ০২ এর ক্ষমতাবলে ব্যয় নির্বাহের জন্য সভায় অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ মোতাবেক ব্যক্তি মালিকানাধিন অগভীর নলকূপের লাইসেন্স প্রদান ও খাল পুনঃখনন ও সংস্কার কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং কৃষি কাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থা বিধিমালা, ২০১৯ এর ১৩ নং অনুচ্ছেদের উপবিধি ০২ মোতাবেক ২,৮৭,৩০০ (দুই লক্ষ সাতাশি হাজার তিনশত) টাকা সংশ্লিষ্ট খাতের হিসাব হতে ব্যয় নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রম সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৯। পাট উন্নয়ন কর্মকর্তা:<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, জানুয়ারি/২৪ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৪.৫০ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ২.৬০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ ১০৯২.৫৮ লক্ষ টাকা এবং আদায় ৯৯০.৫১ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণসহ অন্যান্য সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর |
| ২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |

<table>
<tr>
<td>২১। পল্লী সঞ্চয় ব্যাংক:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td>
<td>ব্রাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর<br>জামালপুর।</td>
</tr>
<tr>
<td>২২। উপজেলা পরিসখ্যান বিভাগ:<br>উপজেলা পরিসংখ্যান তদন্তকারী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম হিসাবে সিপি আই/ দরছক বাজার মনিটরিং, এসভিআরএসের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ,অর্থনৈতিক শুমারী/২০২৪ এর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারের নাম তালিকা আপডেট করণ, অর্থনৈতিক শুমারী/২০২৪ এর শিক্ষার্থীদের মাঝে ট্যাপ বিতরণ, আলু ফসল কর্তন ও আলু ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ, মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ, বোরো ফসলের পূর্বাভাস জরিপসহ দাগ গুচ্ছ জরীপ এবং মাঠ পর্যায়ের মাইনর ফসলের তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।</td>
<td>সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন জরীপ কার্যক্রমের কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>ইউপি চেয়ারম্যান (সকল)</td>
</tr>
<tr>
<td>২৩। গ্রাম আদালত সংক্রান্ত:<br>গ্রাম আদালত সংক্রান্ত উপজেলা সমন্বয়কারী সভায় বলেন যে, গ্রাম আদালত আইন সংশোধন করে জরিমানার পরিমাণ ৭৫,০০০ হাজার টাকা থেকে বৃদ্ধি করে তিন লক্ষ টাকা পর্যন্ত করার সিদ্ধান্ত মন্ত্রিসভায় অনুমোদন দেওয়া হয়েছে। এমতাবস্থায় ইউনিয়ন চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট ইউনিয়নের ছোট ছোট ফৌজদারী ও দেওয়ানী বিরোধগুলো অতি অল্প সময়ে স্বল্প খরচে প্রান্তিক জনগণসহ অন্যান্য সকলের বিচার প্রাপ্তী নিশ্চিত করতে পারবে এবং সরকারি নির্দেশনা মোতাবেক নিয়মিতভাবে মামলার শোনানী গ্রহণ এবং নিস্পত্তি করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।</td>
<td>সরকারি নির্দেশনা মোতাবেক জরিমানার পরিমাণ তিন লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে স্বল্প খরচে অল্প সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২৪। বিবিধ:<br>(ক) <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৩) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৪) আসবাবপত্র ক্রয় ও মেরামত।<br><br>(খ) <u>হাটবাজার সম্পর্কিত:</u><br>সভায় ১৪৩০-৩১ বাংলা সনের হাট বাজার ইজারা লব্দ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য আলোচনা করা হয়। (১) দিগপাইত ইউনিয়নের ছোনটিয়া বাজারের মহিলা মার্কেটের ল্যাটিন স্থাপন -১,৩২,০০০ টাকা। (২) ছোনটিয়া বাজারের ড্রেণ পরিষ্কার করন -৮৮,০০০ টাকা।</td>
<td>(ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত,আসবাবপত্র ক্রয় ও মেরামতের বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>বিস্তারিত আলোচনান্তে (১) দিগপাইত ইউনিয়নের ছোনটিয়া বাজারের মহিলা মার্কেটের ল্যাটিন স্থাপন -১,৩২,০০০ টাকা। (২) ছোনটিয়া বাজারের ড্রেণ পরিষ্কার করন -৮৮,০০০ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি।<br><br>উপজেলা প্রকৌশলী<br>ও সংশ্লিষ্ট কমিটি।</td>
</tr>
<tr>
<td>(গ) <u>রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ১৫ জানুয়ারি,২০২৪ থেকে ১৬ ফেব্রুয়ারি,২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি</td><td>৯৯,০০০</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ১৫ জানুয়ারি, ২০২৪খ্রি: থেকে ১৬ ফেব্রুয়ারি,</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ভাতা | | ২৪ খ্রি: মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২,৭০,১৯৩ (দুই লক্ষ সত্তুর হাজার একশত তিরানব্বই) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | |
| আনসারের বেতন | ৮,৩৩৩ | | |
| আপ্যায়ন ও অফিস স্টেশনারী | ৪২,৯৬০ | | |
| মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২৫,৩০০ | | |
| অ-প্রত্যাশিত খাত থেকে সহযোগীতা প্রদান | ৩০,০০০ | | |
| আসবাবপত্র ক্রয় ও মেরামত | ১৮,০০০ | | |
| আফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত | ২৬,৬০০ | | |
| বজ্র ব্যবস্থাপনা | ২০,০০০ | | |
| সর্বমোট | ২,৭০,১৯৩ | | |

সভার শেষ পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় বলেন যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জন্ম ও মৃত্যু নিবন্ধন একটি গুরুত্বপূর্ণ বিষয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন সঠিক সময়ে না করার ফলে জনসংখ্যার প্রকৃত সঠিক হিসাব নির্ণয় করা কঠিন হচ্ছে। জামালপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে অনেক পিছিয়ে রয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে ময়মনসিংহ বিভাগীয় কমিশনানের কার্যালয় থেকে ইতোমধ্যে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পুরষ্কার দেওয়ার ঘোষণা করেছেন। প্রতি তিন মাস অন্তর জন্ম ও মৃত্যু নিবন্ধনের অগ্রগতির প্রতিবেদন মূল্যায়ণ পূর্বক গড়পড়তার ভিত্তিতে শ্রেষ্ঠ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং ইউপি সচিব গণকেও পুরষ্কার প্রদান করা হবে। যেহেতু জন্ম ও মৃত্যু নিবন্ধনে গ্রাম পুলিশদের একটি গুরুত্বপূর্ণ অবদান থাকে, সে প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ থেকে গ্রাম পুলিশদের পুরষ্কারের ব্যবস্থা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন। এছাড়া সমাজসেবা সহ অন্যান্য সকল দপ্তরকে সরকারি যে কোন সুযোগ সুবিধায় অন্তভূক্ত করার সময় ম্যানুয়াল মৃত্যু নিবন্ধনের পরিবর্তে অন লাইন মৃত্যু নিবন্ধন জমা নেওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। এছাড়া উপজেলা পরিষদের পুকুর ব্যবস্থাপনা এবং ঝুকিপূর্ণ কিছু বিভিন্ন জাতের গাছ সরকারি নীতিমালা মোতাবেক নিলামে বিক্রয়ের জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ জানান। এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক প্রত্যেকটি দপ্তরের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সাথে পারস্পরিক সহযোগীতার মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। সরকারি সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জামালপুর সদর উপজেলাকে একটি মডেল উপজেলা হিসাবে গড়ে তোলার লক্ষ্য সকলকে একসাথে কাজ করার পরামর্শ প্রদান করেন।

মাননীয় সংসদ সদস্য মহোদয় তার বক্তব্যে বলেন যে, দায়িত্ব গ্রহণের আজ তার ১৯ তম দিন। আর মাত্র ১৮০৮ দিন সময় বাকী রয়েছে। জামালপুর সদরের উন্নয়নে একেকটি দিন তিনি কাজে লাগাতে চান। তিনি তার বক্তব্যে আরো বলেন যে, একটি সভায় অনেক অতিথি উপস্থিত থাকেন। প্রত্যেকের নাম বা পদবী বলতে গেলে মিটিং এর অনেক সময় নষ্ট হয়ে যায়। তাই তিনি শুধু সভাপতি বা সভায় বিশেষ কোন ব্যক্তি বর্গ উপস্থিত থাকলে তাদেরকে সম্ভোধন করে বক্তব্য শুরু করার পরামর্শ দেন। মাননীয় সংসদ সদস্য বলেন যে ইতিমধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে মেষ্টা ইউনিয়নের আরংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, তুলশীরচর ইউনিয়নের পূর্ব টেবিরচর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও রশিদপুর ইউনিয়নের শেখ পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন বিল্ডিং এর অনুমোদন করিয়েছেন। তিনি বিভিন্ন ইউনিয়নের রাস্তা সম্পর্কে বলেন যে যেখানে এক হাত রাস্তা বানাতে প্রায় খরচ হয় ৪,৫০০ টাকা সেখানে রাস্তার বেইজ এবং সোল্ডার ঠিক নেই। উক্ত বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদের চৌকিদারদের দিয়ে ঢোল পিটিয়ে বা অন্য কোন উপায়ে জনসচেতনতা সৃষ্টি করতে হবে এবং রাস্তার স্লোপ ঠিক রাখতে হবে। সে লক্ষে ৪০/১০০/১২০ দিনের কর্মসূচী বা টি.আর, কাবিখার প্রকল্প থেকে রাস্তার মেরামত সঠিক সময়ে করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আগামী বর্ষা মৌসুমে জেলা পরিষদ এবং উপজেলা পরিষদ থেকে সম্মিলিতভাবে স্কুল কলেজ লেভেলের প্রত্যেকটি ছাত্র ছাত্রীদেরকে বৃক্ষ রোপনের জন্য ০২টি করে গাছ দেওয়া হবে। এবং প্রত্যেকটি ইউপি চেয়ারম্যানগণকে তার ইউনিয়নে কমপক্ষে ১০ কিলোমিটার রাস্তায় গাছ রোপণ ও পরিচর্যার ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া মাননীয় সংসদ সদস্য মহোদয় উপজেলা নির্বাহী অফিসারকে ইউনিয়ন পরিষদ পরিদর্শন, ইউনিয়ন আইন শৃঙ্খলার উন্নয়ন, ইউপি মেম্বার, চৌকিদার, শিক্ষক, গ্রামের লোকজন সবাইকে নিয়ে সমন্বয় করে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

এছাড়া এমপি মহোদয় প্রত্যেকটি ইউনিয়ন পরিষদকে একটি করে মাল্টিমিডিয়া দেওয়ার আগ্রহ প্রকাশ করেন। যেটি ব্যবহার করে ইউপি চেয়ারম্যানগণ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান এবং এমপি মহোদয়ের সাথে ভিডিও কলের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার করে বিভিন্ন মিটিং করতে পারেন। এমপি মহোদয় কৃষি অফিসারকে নির্দেশনা প্রদান করে বলেন যে, পানির অপচয় রোধে কৃষকদের এ ডব্লিও ডি প্রযুক্তি সম্পর্কে অবহিত এবং প্রশিক্ষণ প্রদান করতে হবে। তিনি সভায় আরো বলেন যে, শিক্ষা কার্যক্রমকে আদর্শ স্থানীয় শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে। যেখানে কোন কোচিং থাকবে না। কোচিং সেন্টারগুলোকে সরকারের স্কিল ডেপলপমেন্ট সেন্টার হিসাবে কাজে লাগাতে হবে। বর্তমানে অনেক স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব চালু রয়েছে। সেগুলো কিভাবে সান্ধ্যকালীন ব্যবহার করে এলাকার শিক্ষিত বেকারদেরকে প্রশিক্ষিত করা যায় সেই বিষয়ে মন্ত্রণালয় থেকে অনুমতির ব্যবস্থা করবেন। প্রয়োজনে উচ্চতর প্রশিক্ষণের জন্য জামালপুর শহরে একটি বড় ধরনের ইনস্টিটিউট প্রতিষ্ঠিত করা হবে। কমিউনিটি ক্লিনিকগুলো ঠিকমতো চলে কিনা সেগুলো খেয়াল রাখতে হবে।

কোন কোন জায়গায় নতুন কমিউনিটি ক্লিনিক প্রয়োজন সেখানে স্বেচ্ছায় জমি দাতা পাওয়া গেলে তার তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় আরো বলেন যে, বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে কৃষি, ইঞ্জিনিয়ারিং, সমাজসেবা ও অন্যান্য দপ্তর সংশ্লিষ্ট অফিসারদের নিয়ে তিনি ০২দিনে ০৪টি মিটিং করার আগ্রহ প্রকাশ করেন। যেখানে যেখানে কাজ করার সুযোগ রয়েছে এলাকার উন্নয়নের স্বার্থে তিনি সেখানে সেখানে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করেন। এবং ০১ মার্চ/২৪ থেকে শুরু হবে জাতীয় সংগীত শিখন প্রতিযোগীতা। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে একটি চিঠি ইস্যু করতে বলেন। প্রত্যেকটি ছেলে মেয়ে জাতীয় সংগীত শিখবে। প্রত্যেক ক্লাসের মধ্যে সেরা শিক্ষার্থীকে খুজে বের করতে হবে। ঐ দল অন্য ক্লাসের সঙ্গে প্রতিযোগীতা করবে। এই ভাবে প্রত্যেকটি স্কুল থেকে ০৫ জনের একটি সেরা দল নিরুপণ করতে হবে। এভাবে একটি স্কুলের সাথে আরেকটি স্কুলের প্রতিযোগীতা করতে হবে। এই ভাবে ইউনিয়ন চ্যাম্পিয়ন এবং ইউনিয়ন চ্যাম্পিয়ন দল থেকে উপজেলা চ্যাম্পিয়ন দল বের করতে হবে। ২৬ মার্চ উপজেলা চ্যাম্পিয়ন দলকে আমরা পুরস্কার প্রদান করব। এক্ষেত্রে ইউনিয়ন চেয়ারম্যানগণকে এলাকার গায়ক অথবা জাতীয় সংগীতের বাজারে সিডি পাওয়া যায় সেখান থেকে শিখার পরামর্শ প্রদান করেন। এছাড়া বাজার উন্নয়নের টাকা দিয়ে বাজার উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম, প্লাষ্টিক ও পলিথিন অপসারণ এবং বাজারে ডাষ্টবিন তৈরির নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রস্তাবনা গুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সেই সাথে উপজেলা পরিষদের জন্য এবং প্রাথমিক বিদ্যালয় গুলোর জন্য সফটওয়্যার তৈরির বিষয়ে বলেন। এছাড়া উপজেলা পরিষদের পুকুর ব্যবস্থাপনা, বিএডিসির (বীজ) এর পরিত্যাক্ত গোডাউন এবং গাছ নিলামে বিক্রয়ের জন্য সরকারি নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

A. Hossain
(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২৪- ১৭৩ (৭০) তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা.............................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান .......................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ........................................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

19.02.24
(মেহনাজ ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd